

দৈনিক

আমার দেশ

.. 0.9 JUN 2016 ..
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

ফেল করা ১২৮ শিক্ষার্থী পাস করেছে

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা •

এসএসসি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণে কুমিল্লা শিক্ষা বোর্ডে ফেল করা ১২৮ জন শিক্ষার্থী পাস করেছে। এ বছর কুমিল্লা বোর্ডে রেকর্ডসংখ্যক পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। এ বছর ফল পুনঃনিরীক্ষণের আবেদন পাড়ে ৩৪ হাজার ৪২১টি। সবকটিই পুনঃনিরীক্ষা করে ৩৬৫ জনের ফল পরিবর্তন হয়। গতকাল পুনঃনিরীক্ষণের এ ফল প্রকাশ করা হয়। ফলাফলে ফেল থেকে

কুমিল্লা শিক্ষা বোর্ড

পাস করা ১২৮ জন ছাড়াও ৩৬৫ জনের মধ্যে বাকি ২৩৭ জন বিভিন্ন হেডে উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে জিপিএ-৫ অর্জন করেছে ৩০ জন। গত বছর পুনঃনিরীক্ষণে ফল পরিবর্তন হয়েছিল মাত্র ৪৫ জনের। এ বছর ৩৬৫ জনের ফল পরিবর্তন কুমিল্লা বোর্ডে রেকর্ড ছাড়িয়ে গেছে। কুমিল্লা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শহিদুল ইসলাম জানান, পুনঃনিরীক্ষণের আবেদন পাওয়া প্রত্যেকটি বিষয়েরই পুনঃনিরীক্ষণ করা হয়েছে।